

বিশ্বব্যাংকের প্রস্তাবিত হিট প্রকল্পের ওপর ইউজিসিতে মতবিনিময়

নিজস্ব প্রতিবেদক | ০৫ ফেব্রুয়ারি, ২০১৯

বিশ্বব্যাংকের প্রস্তাবিত 'হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট)' প্রকল্প নিয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে (ইউজিসি) একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৫ ফেব্রুয়ারি) ইউজিসি অডিটরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়।

ইউজিসির সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লার সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। তিনি বলেন, গ্রাজুয়েটদের সক্ষমতা বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে আঞ্চলিক নেটওয়ার্ক প্রতিষ্ঠার মাধ্যমে দেশের উচ্চশিক্ষা ও গবেষণার উৎকর্ষ ও মান ত্বরান্বিত করার লক্ষ্যে বিশ্ব ব্যাংক প্রস্তাবিত হিট প্রকল্পটিতে অর্থায়ন করার উদ্যোগ নিয়েছে।

সভায় বক্তারা প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত যথোপযুক্ত শিক্ষা নিশ্চিতকরণ, উন্নত গবেষণা কর্মকাণ্ড পরিচালনা, ইউনিভার্সিটি- ইন্ডাস্ট্রি কোলাবোরেশন সেল প্রতিষ্ঠা, মাল্টি-ডিসিপ্লিনারি গবেষণা টিম গঠন, বিশ্ববিদ্যালয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠা, কারিকুলাম আধুনিকায়ন ও নারীদের জন্য গবেষণা সুবিধা প্রদান দেশের উচ্চশিক্ষার গতি ত্বরান্বিত করার জন্য জরুরি বলে অভিমত ব্যক্ত করেন।

অন্যদের মধ্যে বক্তব্য দেন, ইউজিসির সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. মেসবাহ উদ্দিন আহমেদ, ব্র্যাক ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ তামিম, প্রফেসর ড. মুহাম্মদ জাফর ইকবাল এবং ড. মোঃ মোখলেছুর রহমান।

সভায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিশিষ্ট শিক্ষাবিদ, সিনিয়র প্রফেসর, ইউজিসি ও বিশ্ব ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তা ও গবেষণা শিল্প এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।